



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন

শিল্প মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



সূত্র নং-৩৬.০৫.০০১৬.০০১.০০২.১১২১(অংশ-২).১৭

৭৫৮ (২০)

তারিখ: ০৯-০৭-২০১৯ খ্রিঃ

বিষয় : গত ০৭-০৭-২০১৯ তারিখ রবিবার বিকাল ০৩:০০ ঘটিকায় অনুষ্ঠিত বিএসটিআই'র নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থবছরের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ মুয়াজ্জেম হোসাইন, মহাপরিচালক, বিএসটিআই, ঢাকা।
সভার তারিখ : ০৭ জুলাই, ২০১৯ খ্রিঃ; রবিবার।
সময় : বিকাল ০৩:০০ ঘটিকা।
সভার স্থান : বিএসটিআই'র সভাকক্ষ।

গত ০৭-০৭-২০১৯ তারিখ রবিবার বিকাল ০৩:০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে বিএসটিআই'র উইং প্রধানগণ এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিতিতে বিএসটিআই'র জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থবছরের ১ম সভা বিএসটিআই'র কাউন্সিল সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-ক' তে প্রদান করা হলো।

২। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি এবং সভার আলোচ্যসূচি সম্পর্কে সভাকে অবহিত করার জন্য পরিচালক (মান)-কে আহ্বান জানান। পরিচালক (মান) সভায় জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিএসটিআই'র প্রধান কার্যালয় ও বিভাগীয়/জেলা অফিসসমূহে নিয়মিতভাবে সভা অনুষ্ঠিত হচ্ছে। উক্ত সভাসমূহের সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বিএসটিআই'র প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার জন্য ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামোতে উল্লিখিত লক্ষ্যমাত্রাসমূহের উপর গত ০৩-০৭-২০১৯ তারিখে শিল্প মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় শিল্প সচিব মহোদয় বিএসটিআই'র সংশ্লিষ্ট অংশের কতিপয় অংশ সংশোধনপূর্বক লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ করার পরামর্শ প্রদান করেন। সচিব মহোদয়ের পরামর্শ সভায় জানানো হয়। সভায় বিস্তারিতভাবে আলোচনা করে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

সিদ্ধান্ত:

১। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বিএসটিআই'র প্রণীত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নির্ধারিত ছক মোতাবেক নির্দিষ্ট সময়সীমার মধ্যে ১০০% বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে (কপি সংযুক্ত)।


বাস্তবায়নের দায়িত্ব: সকল উইং ও বিভাগীয়/জেলা অফিস প্রধানগণ।

চলমান পাতা-২

২। ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য শিঘ্রই একটি সভা আহ্বান করা হবে। এ লক্ষ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামোতে লক্ষ্যমাত্রাসমূহের বাস্তবায়নের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ ও শিল্প মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে মহাপরিচালককে সভাপতি করে করে নিম্নবর্ণিত ০৯ (নয়) সদস্য বিশিষ্ট নতুন নৈতিকতা কমিটি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) গঠন করা হলো:

ক্রঃ নং	কর্মকর্তাদের নাম ও পদবি	কমিটিতে অবস্থান
১.	জনাব মোঃ মুয়াজ্জেম হোসাইন, মহাপরিচালক	সভাপতি
২.	জনাব মোঃ আনোয়ার হোসেন মোল্লা, পরিচালক (মেট্রোলজি)	সদস্য
৩.	জনাব এস.এম. ইসহাক আলী, পরিচালক (সিএম)	সদস্য
৪.	বেগম শামীম আরা বেগম, পরিচালক (পদার্থ)	সদস্য
৫.	জনাব মোঃ তাহের জামিল, পরিচালক (প্রশাসন)	সদস্য
৬.	জনাব মোঃ সাজ্জাদুল বারী, পরিচালক (মান)	সদস্য (ফোকাল পয়েন্ট)
৭.	জনাব পঙ্কজ কুমার কুন্ডু, পরিচালক (রসায়ন)	সদস্য
৮.	জনাব মোঃ সাইফুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন)	সদস্য (বিকল্প ফোকাল পয়েন্ট)
৯.	জনাব তুহিন আহম্মেদ, সহকারী পরিচালক (পরিঃ ও উন্নঃ)	সদস্য-সচিব

৩। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ মুয়াজ্জেম হোসাইন)

মহাপরিচালক ও সভাপতি

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নকল্পে
গঠিত নৈতিকতা কমিটি।

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। পরিচালক (মেট্রোলজি/সিএম/পদার্থ/প্রশাসন/মান/রসায়ন), বিএসটিআই, ঢাকা।

২। উপ-পরিচালক (প্রশাসন), বিএসটিআই, ঢাকা।

৩। সহকারী পরিচালক (হিঃ ও অঃ নিঃ), বিএসটিআই, ঢাকা।

৪। ভাণ্ডার কর্মকর্তা, বিএসটিআই, ঢাকা।

৫। সহকারী পরিচালক (সিএম) ও প্রধান, ওয়ান স্টপ সার্ভিস সেন্টার, বিএসটিআই, ঢাকা।

৬। সম্পাদক, বিএসটিআই, ঢাকা।

৭। প্রোগ্রামার (আইসিটি সেল), বিএসটিআই, ঢাকা। (ওয়েবসাইটের প্রশাসনিক সুপারভাইজার)

৮। সমন্বয় কর্মকর্তা, বিএসটিআই, ঢাকা।

৯। সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), বিএসটিআই, ঢাকা।

১০। সহকারী পরিচালক (প্রশাসন) অঃ দাঃ, বিএসটিআই, ঢাকা।

১১। সকল বিভাগীয়/জেলা অফিস প্রধান, বিএসটিআই।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

পি.এ. টু মহাপরিচালক, বিএসটিআই, ঢাকা।

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭০২৭৫, ৮৮৭০২৭৭, ৮৮৭০২৭৮, ৮৮৭০২৭৯, : ৮৮৭০২৮০, ৮৮৭০২৮০, ৮৮৭০২৮১, ৯১৩১৫৮২

FAX: 9131581, E-MAIL: BSTI@BANGLA.NET, WEBSITE: [HTTP://WWW.BSTL.GOV.BD](http://www.bstl.gov.bd)